The Most Circulated Bengali Newspaper in North America

শুক্রবারের পত্রিকা | উত্তর-আমেরিকায় বাংলা ভাষায় সর্বাধিক প্রচারিত

# সাপ্তাহিক আজকাল

find us online
www.ajkalusa.com
/weeklyajkal

The Weekly Ajkal | Vol.18, Issue 855 | 31 January 2025 | শুক্রবার ১৭ মাঘ ১৪৩১



House Republican Introduces Amendment Allowing Trump To Run for Third Term >> Page 18

Putul going to be removed from WHO post >> Page 18






I'm a fan of Pritom's work: Jaya Ahsan >> Page 19

Mayor addresses ICE raids and Roosevelt Ave transformation at Corona town hall >> Page 19



# ফেব্রুয়ারিতেই মাঠে নামছে বিএনপি ও আ.লীগ

মাসুদ করিম, *ঢাকা থেকে*



নির্বাচনকে সামনে রেখে বাংলাদেশের রাজনীতির অঙ্গন উত্তপ্ত হচ্ছে। নতুন মেরুকরণ প্রক্রিয়াও শুরু হয়ে গেছে। টিভি টকশো'র মাধ্যমে ড্রয়িং রুমে ঝড় তোলা কিংবা সোস্যাল মিডিয়ায় পোষ্ট দিয়ে আলোচনায় থাকার রাজনীতির দিন শেষ। এই ফেব্রুয়ারিতে বৈষম্যবিরোধী ছাত্র সমাজের নেতারা নতুন রাজনৈতিক দল গঠন করার ঘোষণা দিয়েছে। সরাসরি রাজপথে নামছে দুই প্রধান দল বিএনপি ও আওয়ামী লীগ। যদিও এক মাস পরেই পবিত্র রমজান মাস। রোজায় আউট ডোর কর্মসূচি বেশি নেয়া যায় না।

বাংলাদেশে ছাত্র-জনতার মিলিত অভ্যুত্থানের মাধ্যমে শেখ হাসিনার সরকারের পতন ঘটে। শেখ হাসিনার শাসন জগদ্দল পাথরের মতো আমাদের ওপর চেপে বসেছিলো। টানা তিনটি নির্বাচনে, যথা ২০১৪, ২০১৮ এবং ২০২৪ সালে বিরোধী দলকে উপেক্ষা করে এক তরফা ভোটের আয়োজন ছিলো। শেখ হাসিনা পদত্যাগ করায় বাংলাদেশে সংস্কারের মাধ্যমে একটি অবাধ, সুষ্ঠু ও বিশ্বাসযোগ্য নির্বাচন আয়োজনের পথ সৃষ্টি হলো।

নোবেল বিজয়ী ড. মুহাম্মদ ইউনূসের অর্ন্তবর্তি সরকারের কিছু কর্মকান্ডে বিএনপি ও শরিক দলগুলোর মধ্যে সন্দেহের উদ্রেগ দেখা দিয়েছে। বিশেষ করে সংস্কারের নামে দীর্ঘ মেয়াদে ক্ষমতায় থাকার প্রবণতাকে সত্যায়ন করছে ছাত্রদের রাজনৈতিক দল গঠনের ঘোষণার পর। ইতিমধ্যে শেখ হাসিনার বিরুদ্ধে আন্দোলনে অংশ নেয়া ছাত্ররা এবং তাদের অভিভাবক হিসাবে পরিচিত জাতীয় নাগরিক কমিটি সারা দেশে নতুন রাজনৈতিক দলের কমিটি গঠন সম্পন্ন করেছে। ইউনূস সরকারের এরপর ২৭ পৃষ্ঠায়

মন্তব্য প্রতিবেদন

## ইউনূসে নাখোশ হাসিনায় না



মনোয়ারুল ইসলাম

দেশের মানুষ আবারও আশাহত হচ্ছেন। ছাত্রজনতার গনঅভ্যুত্থান পর পাহাড়সম জনসর্মথন নিয়ে ড. ইউনূসের নেতৃত্বে অর্ন্তবর্তীকালীন সরকার গঠিত হয়েছিল। ড. ইউনূসের এরপর ২৭ পৃষ্ঠায়

## অভিনব সমঝোতায় নিউইয়র্ক বইমেলা

বইমেলার ৩৪ বছর
নিউ ইয়র্ক বাংলা বইমেলা
যত বই তত প্রাণ

আজকাল রিপোর্ট

অভিনব সমঝোতায় বইমেলা অনুষ্ঠিত হতে যাচ্ছে নিউইয়র্ক বাংলা বইমেলা। ঐক্যের অনুরোধে ফিরে এলেন মুক্তধারা ফাউন্ডেশনের বিদায়ী চেয়ারম্যান ড. নুরন নবী, ড. জিনাত নবী, ফাহিম রেজা নূর, মিসেস নূর ও স্বীকৃতি বড়ুয়া। ২৪ এর ছাত্র গনঅভ্যুত্থানের সর্মথকদের সাথে বিতর্কে এরপর ৩৬ পৃষ্ঠায়

## অবৈধ অভিবাসীদের ধরপাকড় বাংলাদেশি সাব্বির গ্রেফতার



আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রজুড়ে অবৈধ অভিবাসী ও অপরাধিদের বিরুদ্ধে অভিযান জোরদার করা হয়েছে। চলছে ব্যাপক ধরপাকড়। এরই অংশ হিসেবে ২৮ জানুয়ারি নিউইয়র্কের কুইন্স ও ব্রঙ্কস বরো এলাকা থেকে অন্তত ২০ জনকে গ্রেপ্তার করেছে ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (আইস)। এর মধ্যে একজন বাংলাদেশিও রয়েছেন। গ্রেপ্তারকৃত বাংলাদেশির নাম এরপর ৩৬ পৃষ্ঠায়

## ওয়াশিংটনে বিমান বিধ্বস্ত : নিহত ৬৭

আজকাল রিপোর্ট

যুক্তরাষ্ট্রের ওয়াশিংটন ডিসির রিগ্যান ন্যাশনাল এয়ারপোর্টের কাছে মাঝ আকাশে আমেরিকান এয়ারলাইন্সের একটি ফ্লাইটের সঙ্গে একটি সামরিক হেলিকপ্টার ব্ল্যাক হকের ভয়াবহ সংঘর্ষ হয়েছে। বুধবার রাত ৯টার দিকে এই দুর্ঘটনা ঘটে। যাত্রীবাহি বিমান এবং হেলিকপ্টারটি বিমানবন্দরের পাশের পোটোম্যাক নদীতে বিধ্বস্ত হয়। হেলিকপ্টারের আঘাতে বিমানটি দুই ভাগ হয়ে নদীতে গিয়ে পড়ে। গতকাল এই রিপোর্ট লেখার সময় সর্বশেষ ১৯ জনের মরদেহ উদ্ধার করা হয়েছে। বিমানে যাত্রী ছিলেন ৬৪ জন এরপর ২৭ পৃষ্ঠায়




## ৩৯তম ফোবানা কনভেনশন বাফেলোর নায়াগ্রায়

আজকাল ডেস্ক

চলতি বছরের ৩৯তম 'ফেডারেশন অব বাংলাদেশ এসোসিয়েশনস অব নর্থ আমেরিকা', ফোবানা সম্মেলন-২০২৫ আগামী নিউইয়র্কের বাফেলো শহরের নায়াগ্রা ফলস এলাকায় হোটেল শেরাটনে আগামী ২৯-৩১ আগস্ট অনুষ্ঠিত হবে। এ উপলক্ষ্যে ঢাকায় জাতীয় প্রেস ক্লাবে এক সংবাদ সম্মেলনে আয়োজক কমিটির পক্ষে এ ঘোষণা দেন কাজী সাখাওয়াত হোসেন আজম।

ফোবানা সম্মেলনকে সাফল করতে এবং বাংলাদেশ থেকে অতিথি ও শিল্পিদের অংশগ্রহণ নিশ্চিত করতে আয়োজকদের ছয় জনের দল ঢাকা সফরে যান। তারা হচ্ছেন ফোবানার তিন সাবেক চেয়ারম্যান এজাজ আখতার তৈফিক, আলী ইমাম শিকদার, আবু দারা জোবায়ের; বর্তমান কোষাধ্যক্ষ ফিরোজ আহমেদ, সদস্য জিল্লুর রহমান জিল্লু, এবং কার্যকরি সাধারণ সম্পাদক কাজী সাখাওয়াত হোসেন আজম। প্রেস ক্লাবের জহুর হোসাইন চোধুরী সম্মেলন কক্ষে বাংলাদেশের প্রথম সারির প্রিন্ট ও এরপর ৩৬ পৃষ্ঠায়

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
১০টি কালার (কালার চিকেন) চিকেন কিনলে ১টি ফ্রি
(অথবা ৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি
এখানে বাংলাদেশের সব ধরণের মাছ পাওয়া যায় ৩টি হার্ড চিকেন $14.99
নিউইয়র্ক শরীয়াহ বোর্ড অনুমোদিত SBNY
37-15 55th St. Woodside NY-11377. Phone: 718.205.7200
We accept all major credit cards
ফ্রি ডেলিভারী

MORTGAGE MORTGAGE MORTGAGE
PURCHASE OR REFINANCE
Call Nasir Today
TO SEE IF YOU CAN GET PRE APPROVED
917-400-5728
Nasiruddin M Laskar

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বিনামূল্যে পরামর্শ
কোন অগ্রিম ফি নেয়া হয় না
যোগাযোগঃ 917-282-9256
email: moinlaw@gmail.com
বিস্তারিত দেখুন ১১ নম্বর পৃষ্ঠায়
Moin Choudhury, Attorney at Law

ইন্স্যুরেন্স! ইন্স্যুরেন্স!!
আমরা ফ্রি কোটেশনের ব্যবস্থা করে থাকি।
সবধরণের গাড়ি, বাড়ি এবং ব্যবসায়িক ইন্স্যুরেন্সসহ
Taxi Limousine Insurance Expert!
212-721-0001
32-47 57TH STREET, WOODSIDE, NY 11377
www.megainsurance.nyc
MEGA insurance BROKERAGE
RAJIB AHMED, President & CEO

KARNAFULLY TAX SERVICES INC.
কর্ণফুলী ট্যাক্স সার্ভিসেস
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স | পেরোল | বিজনেস সেটআপ | ইমিগ্রেশন | নোটারী পাবলিক
AUTHORIZED IRS e-file PROVIDER
ENROLLED AGENT
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent
PH: 718-205-6040, 718-205-6010
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

এসাইলাম সেন্টার/স্টপ ডিপোর্টেশন
আমেরিকায় গ্রীনকার্ড / বৈধতা নিয়ে আতঙ্কবিহীন জীবনযাপনে আমাদের সহায়তা নিন
রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিক বৈষম্যের প্রেক্ষিতে নিপীড়ন, নাগরিক অথবা মানবধিকার লঙ্ঘণের প্রেক্ষিতে একটি এসাইলাম কেইস হতে পারে আপনার গ্রীনকার্ড (স্থায়ী বাসিন্দা) পাওয়ার সহজতর রাস্তা।
কেন আমাদের কাছে আসবেন
★ আমেরিকায় এসে ইমিগ্রেশন নিয়ে কিছুই করেননি অথবা কিছু করে ব্যর্থ হয়েছেন তারা সত্তর যোগাযোগ করুন।
★ বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি)-কে TIER (III) জঙ্গী সংগঠন হিসাবে বিবেচনা করায় তাদের নেতা ও কর্মীদের এসাইলাম কেইসগুলো একটু দুরূহ হলেও আমরা সফলতার সাথে অনেকগুলো মামলায় জয়লাভ করেছি। (বিএনপির সর্বাধিক কেইস আমরাই জয়লাভ করেছি।)
★ ১৯ জন ইউএস "এটর্নী অব ল" শুধুমাত্র ইমিগ্রেশন কেইসগুলোই করেন।
★ আমরা অত্যন্ত সফলতার সাথে অনকগুলো ডিপোর্টেশন কেইস করেছি।
★ ক্রিমিনাল কেইস/ফোরক্লোজার স্টপ/ডিভোর্স/ব্যাঙ্করাপসি/ল-স্যুট ইত্যাদি।
★ দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন আমেরিকা ATTORNEY-দের সাহায্য নিয়ে এই দেশে আপনার ভবিষ্যৎ নিশ্চিত করুন।
কেন আমরা অন্যদের চেয়ে আলাদা
আমেরিকার ৫০টি স্টেটে সফলতার সাথে ইমিগ্রেশন মামলা পরিচালনা করি
লিগ্যাল নেটওয়ার্ক ইন্টারন্যাশনাল, এল এল সি
আপনার আইনী সমস্যা সমাধানে আমরা অদ্বিতীয়
৩৭-৪৮ ৭২ স্ট্রীট, ২য় তলা, জ্যাকসন হাইটস্, নিউইয়র্ক ১১৩৭২
ই-মেইল: legalnetwork.us@gmail.com
ফোন: 917-722-1405 or 718-524-9777
All of our services are provided bz third-party professionals
Visit us : www.legalnetworkusa.com

GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেল্থ কেয়ার এজেন্সী
হোম কেয়ার
PCA & CDPAP SERVICE
সর্বোচ্চ পেমেন্টের নিশ্চয়তা
Please Contact
Shah Nawaz MBA
President & CEO
646-591-8396
Email: info@goldenagehomecare.com | www.goldenagehomecare.com

NYSADC
NEW YORK SENIOR ADULT DAY CARE

# NEW YORK SENIOR ADULT DAY CARE

## WE HAVE MOST PROMINENT MLTC CONTACT

healthfirst Health Insurance for New Yorkers
CenterLight Health System
Anthem.
Hamaspik Managed Care
MetroPlusHealth
SWH Senior Whole Health



সর্বোচ্চ সেবার
নিশ্চয়তা

- We Provide Transportation for Pick-Up and Drop Off
- Both Halal and Vegetarian Food Option

**Shah M. Nawaz** MBA
*President & CEO*
646-591-8396

CALL US NOW:
718-516-3425

A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG SHAH NAWAZ GROUP

CONTACT US:

Off: 718-516-3425 | FAX: 646-568-6474 | newyorksadc.com | intake@ny-sadc.com | 116-33 Queens Blvd Forest Hills, NY 11375 | 78-06 101 Ave, Suit C Ozone Park, NY 11416


NABANNO
HALAL
FREE WiFi
দেশীয় স্বাদ নবান্নেই
আমরা শতভাগ ফ্রেশ খাবার পরিবেশন করি।
পিকনিক সহ সকল প্রকার অনুষ্ঠানে ক্যাটারিং করি।
আমরা সুস্বাদু হালাল চায়নিজ খাবার পরিবেশন এবং ক্যাটারিং করি।
সুসজ্জিত হলে বিয়ে,গায়ে হলুদ, জন্মদিন সহ সকল প্রকার পার্টি ও অনুষ্ঠানের জন্য নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।
DOORDASH
Uber Eats
GRUBHUB
www.nabannorestaurant.com
Nabanno Restaurant
37-22 73rd St, Jackson Heights, NY 11372, Phone:718 734 6000


LIBERTY BROKERAGE
GET YOUR TLC INSURANCE FROM US WITH THE BEST RATE
(Black Car, Livery, Taxi, Yellow Cab, Green Cab)
Our Services
TLC Insurance
DMV & TLC Service
TLC Car & Plate Rent
Auto, Home & Business Ins.
TLC Base (Black & Green Cab)
ARIF SHAHRIAR
PRESIDENT & CEO
NYC Office:
41-05 69th Street
Woodside, NY 11377
Buffalo Office:
170 Kerns Ave, ST #101
Buffalo, NY 14211
Phone: 718-567-5600
info@libertybkg.com, www.libertybkg.com

# বাহাস বিভেদ-সংঘাতে না গড়ালেই বাঁচোয়া

আজাদুর রহমান চন্দন

> সেই জাতি পরিচয়টিও যে এখন হুমকির মুখে। এ প্রসঙ্গও না হয় তোলা থাকল অন্য কোনো দিনের জন্য। এ ছাড়া কাগজের লেখা মুছে দিলেও বাঙালি তো আর অন্য কোনো জাতিতে রূপান্তরিত হবে না; পঁচাত্তর-পরবর্তী দীর্ঘ সময়েও হয়নি। এটা সবারই জানা যে, শেখ হাসিনার কর্তৃত্ববাদী শাসনের বিরুদ্ধে আন্দোলনে উদার ও মধ্যপন্থীরা ছাড়াও শরিক ছিল চরম ডান ও চরম বামপন্থীরা। পরস্পরবিরোধী পক্ষগুলো বিভেদ এড়িয়ে শান্তিপূর্ণ উপায়ে গণতন্ত্রে উত্তরণ ঘটাতে পারলেই কেবল জনমনে জেগে ওঠা ভয় দূর হবে। এ ক্ষেত্রে উদার গণতান্ত্রিক শক্তির সময়োপযোগী জোরালো ভূমিকা দরকার। সেই ভূমিকা তারা রাখতে পারবে কি না, সেটিই এখন বড় চ্যালেঞ্জ



শক্তি-সামর্থ্য কম বলেই বোধ করি শুরু থেকেই উপেক্ষার শিকার বামপন্থী রাজনৈতিক দল-সংগঠন ও বুদ্ধিজীবী-পেশাজীবীরা। দিনে দিনে নানা বিষয়ে তাদের সঙ্গে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও অন্তর্বর্তী সরকারের মতভেদও প্রকাশ পায়। ইদানীং দেশের অন্যতম প্রধান দল বিএনপির সঙ্গেও মতভেদ বাড়ছে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্ব ও সরকারের। স্বাভাবিকভাবেই সংস্কারপ্রত্যাশী নাগরিকদের বিষয়টি উদ্বিগ্ন করে তোলে। দলাদলি আর বিভেদের কারণে বারবার আন্দোলনের সুফল হাতছাড়া হওয়ার অভিজ্ঞতা থাকায় সিঁদুরে মেঘেও অনেক ভয় তাদের। বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের পক্ষ থেকে রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিনের পদত্যাগের দাবি ওঠার পর বিএনপি এর বিপক্ষে অবস্থান নেওয়ায় গত অক্টোবরেই দুই পক্ষের মধ্যে একটি অস্বস্তিকর পরিস্থিতির উদ্ভব হয়েছিল। রাষ্ট্রপতির পদত্যাগের দাবি ওঠার পরপরই বিএনপির কয়েকজন জ্যেষ্ঠ নেতা প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের সঙ্গে সাক্ষাৎ করে দলীয় অবস্থান তুলে ধরে জানিয়েছিলেন, রাষ্ট্রপতির পদত্যাগের মাধ্যমে দেশে কোনো সাংবিধানিক সংকট ও শূন্যতা তৈরি হলে তৃতীয় পক্ষ সুযোগ নিতে পারে বলে দলটির আশঙ্কা। অন্তর্বর্তী সরকারের হস্তক্ষেপে পরিস্থিতি সামাল দেওয়া সম্ভব হলে সে-যাত্রায় সাধারণ মানুষ হাঁফ ছেড়ে বেঁচেছিল। কিন্তু স্বস্তির সেই নিশ্বাস স্থায়ী হতে পারছে কি!

জুলাই গণ-অভ্যুত্থান বা বিপ্লবের (কারও কারও ভাষায়) ঘোষণাপত্র প্রকাশ নিয়েও কিছুটা টানাপোড়েন দেখা দেয়। যেকোনো বিপ্লবের ঘোষণা হয় বিপ্লবের আগে কিংবা সফল হওয়ার সঙ্গে সঙ্গেই। ৫ আগস্ট বা এর পরপর ঘোষণাপত্র প্রকাশ করা হলে সেটি নিয়ে প্রশ্ন তোলার সুযোগ থাকত না। কিন্তু পাঁচ মাস পরে এসে 'বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশ করার উদ্যোগ নেওয়ায় কেউ কেউ এটিকে জাতীয় নির্বাচন পেছানোর একধরনের প্রয়াস হিসেবে সন্দেহ করছেন। বিএনপির ভেতরে এমন বিশ্বাস গড়ে ওঠে যে, কোনো বিশেষ রাজনৈতিক দলের উসকানি কিংবা তত্ত্বাবধানেই কেন্দ্রীয় শহীদ মিনারে জমায়েত ডেকে 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশের উদ্যোগ নিয়েছিল বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন। গত ২৮ ডিসেম্বর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন ও জাতীয় নাগরিক কমিটির ভেরিফায়েড ফেসবুক পেজে একই ধরনের দুটি পোস্ট দিয়ে ৩১ ডিসেম্বর 'বিপ্লবের ঘোষণাপত্র' প্রকাশ করার কথা জানানো হয়েছিল। কাছাকাছি সময়ে ফেসবুকে নিজের ভেরিফায়েড অ্যাকাউন্টে উপদেষ্টা আসিফ মাহমুদ লিখেছিলেন, 'কমরেডস, নাউ অর নেভার'। পরদিন এক সংবাদ সম্মেলনে বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের আহ্বায়ক হাসনাত আবদুল্লাহ জানিয়েছিলেন, ৩১ ডিসেম্বর বেলা তিনটায় 'জুলাই বিপ্লবের ঘোষণাপত্র' দেওয়া হবে। তিনি বলেন, ঘোষণাপত্রে 'নাৎসিবাদী আওয়ামী লীগকে' বাংলাদেশে অপ্রাসঙ্গিক ঘোষণা করা হবে এবং 'মুজিববাদী সংবিধান কবরস্থ' করা হবে। যদিও বিএনপির জাতীয় স্থায়ী কমিটির সদস্য ইকবাল হাসান মাহমুদ টুকু বিবিসি বাংলাকে বলেন, বাহাত্তরের সংবিধান মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত শাসনতন্ত্র।

বিএনপি কয়েক মাস আগে থেকেই জাতীয় সংসদ নির্বাচনের রোডম্যাপ ঘোষণার তাগিদ দিয়ে আসছিল। সে নিয়েও কিছুটা অস্বস্তি দেখা যায় অন্তর্বর্তী সরকার ও বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতৃত্বের মধ্যে। অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে সম্প্রতি জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনের পরিকল্পনা প্রকাশ করার পর বিএনপি ও তার মিত্ররা এর সমালোচনায় মুখর হয়। গত মাসের শেষ দিকে এক মতবিনিময় সভায় স্থানীয় সরকার সংস্কার কমিশনের চেয়ারম্যান অধ্যাপক তোফায়েল আহমেদ বলেছিলেন, বেশির ভাগ মানুষ চান অন্তর্বর্তী সরকারের আমলেই জাতীয় সংসদের আগে স্থানীয় সরকার নির্বাচন অনুষ্ঠিত হোক। এ বিষয়ে রাজনৈতিক দলগুলোর মতামত নেবেন তাঁরা। স্থানীয় সরকার সংস্কার কমিশনও বক্তাদের মতামতের পক্ষে সমর্থন দেয়। তখন থেকেই স্থানীয় সরকার নির্বাচন নিয়ে আলোচনা চলে রাজনৈতিক অঙ্গনে। এরপর ৮ জানুয়ারি প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূসের এক বক্তব্যের পর আলোচনাটি জোরালো হয়ে ওঠে। ওই দিন ঢাকায় রাষ্ট্রীয় অতিথি ভবন যমুনায় ইউরোপীয় বিনিয়োগ ব্যাংকের (ইআইবি) ভাইস প্রেসিডেন্ট নিকোলা বিয়ার সাক্ষাৎ করতে এলে প্রধান উপদেষ্টা তাঁকে জানান, অন্তর্বর্তী সরকার জাতীয় সংসদ নির্বাচনের পাশাপাশি স্থানীয় সরকার নির্বাচনেরও প্রস্তুতি নিচ্ছে।




জাতীয় নির্বাচনের আগে স্থানীয় সরকার নির্বাচনের পরিকল্পনার তীব্র বিরোধিতা করে বিএনপি ও এর সমমনা বিভিন্ন দল। ওই দলগুলোর নেতারা বলেন, সরকার যদি স্থানীয় সরকার নির্বাচনের মতো বিষয় তুলে ধরে জাতীয় নির্বাচন বিলম্বিত করার চেষ্টা করে, তাহলে তাঁরা দ্রুত জাতীয় নির্বাচনের দাবিতে কর্মসূচি দেবেন।

এদিকে স্থানীয় সরকার নির্বাচন ইস্যুতে সরকারের পক্ষে অবস্থান জানান দেয় বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের নেতাদের উদ্যোগে গঠিত জাতীয় নাগরিক কমিটি। ১১ জানুয়ারি এক সংবাদ সম্মেলনে কমিটির পক্ষ থেকে বলা হয়, ছাত্র-জনতার অভ্যুত্থানের পর স্থানীয় সরকারকাঠামো 'ভেঙে পড়ায়' নাগরিকেরা সেবা

এরপর ২৬ পৃষ্ঠায়







# কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



# এটর্নী মঈন চৌধুরী

## Moin Choudhury, Esq.

**Hon. Democratic District Leader at Large, Queens, NY**

**মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।**

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

# 917-282-9256

**Moin Choudhury, Esq**

**Email: moinlaw@gmail.com**

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



**Timothy Bompart**
Attorney at Law

# এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দুর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্য
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
**Immigration**



**Moin Choudhury**
Attorney at Law

(To Schedule Appointment Only)

**Call:917-282-9256**

E-mail: moinlaw@gmail.com

**Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372**

**Manhattan Office By Appointment Only.**

**Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076**

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

দীর্ঘ দেড় যুগের বেশী
আপনাদের সেবায় নিয়োজিত

KARNAFULLY
TRAVEL INC.
(Approved Travel Agent)

IATA arc
Approved




# কর্ণফুলি ট্রাভেল
আই এন সি.

**Airlines Partners : ALL MAJOR AIRLINES Including Local Domestic Tickets**

## সৌদি হজ্ব মন্ত্রণালয় অনুমোদিত
## উমরাহ্ ট্রাভেল এজেন্ট

## প্যাকেজঃ হজ্ব ভিসা ও উমরাহ্ ভিসা

### আমাদের সুবিধা

নিজস্ব অফিস থেকে সরাসরি ARC এর মাধ্যমে যেকোন এয়ারলাইন্স এর টিকেট ইস্যু করে থাকি। অফিস সপ্তাহে ৭ দিন খোলা সকাল ১০:০০টা – রাত ১০:০০টা। তুলনামূলকভাবে বছরের যেকোনো সময় অত্যন্ত কমমূল্যে টিকেট প্রাপ্তির নিশ্চয়তা প্রদান করা হয়।

উমরাহ ভিসা আমাদের অফিস থেকে সরাসরি প্রসেস করা হয়। নিজস্ব হোটেলের মাধ্যমে প্রতি বছর দুই থেকে আড়াই হাজার ওমরা হাজীদের যাবতীয় সেবা দিয়ে থাকি।

**718 205 6050, 718 205 6055, 917 691 7721**

371673 Street. Suite 201 FR. Jackson Heights NY 11372

E-mail : karnafullytravel@yahoo.com, msalim@karnafullytravel.com

**Web: www.karnafullytravel.com**


বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ার লাইন্সের স্টক হোল্ডার
সবচেয়ে কমদামের গ্যারান্টি আমরাই দিচ্ছি
৭৪৯+
JFK-Dhaka-JFK Return
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
Mohammad B Hossain (Belal)
President & CEO
স্পেশাল ওমরাহ প্যাকেজ $১৫৫০
ওমরাহ ভিসা - এয়ার টিকেট - হোটেল
DELTA AIR LINES
Biman BANGLADESH AIRLINES
AmericanAirlines
ETIHAD
Emirates
QATAR AIRWAYS
KUWAIT AIRWAYS
দেশে যাওয়ার পথে কম খরচে ওমরাহ করে যেতে পারেন
বাংলাদেশ থেকে আসার টিকেট সবচেয়ে কম দামে আমাদের কাছেই পাবেন।
আবু তাহের খান
ট্রাভেল কনসালটেন্ট
২৬ বছরের অভিজ্ঞ
কাঞ্চন
ট্রাভেল কনসালটেন্ট
১২ বছরের অভিজ্ঞ
কে.এম. শহিদ
ট্রাভেল কনসালটেন্ট
১৮ বছরের অভিজ্ঞ
মাহির
ট্রাভেল কনসালটেন্ট
৮ বছরের অভিজ্ঞ
জাহাঙ্গীর
ট্রাভেল কনসালটেন্ট
১০ বছরের অভিজ্ঞ
7305 37th Road, Jackson Heights, NY 11372
(কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজায়)
Phone: 917-396-4140, 917-592-7828
Price Can Be Change Anytime. digitalonetravel@gmail.com www.digitalonetravel.com OPEN 7 DAYS: 11AM -10PM *Terms & Condition may apply. See store for details.

# এই রিপোর্ট অগ্রাহ্য করার সুযোগ নেই

ড. মাহবুব উল্লাহ্


সমাজতাত্ত্বিকরা বলেন, রাষ্ট্র নিপীড়নের হাতিয়ার। যতদিন রাষ্ট্র থাকবে, ততদিন রাষ্ট্রের নাগরিকরা নিপীড়ন থেকে রেহাই পাবে না। রাষ্ট্রের নিপীড়নের হাতিয়ারগুলোর মধ্যে রয়েছে-আমলাতন্ত্র, পুলিশ বাহিনী, গোয়েন্দা সংস্থা, বিচারব্যবস্থা এবং রাষ্ট্রপ্রণীত আইন। আইনকে ব্যবহার করা হয় রাষ্ট্রের নিপীড়নকে বৈধতা দেওয়ার জন্য। পৃথিবীতে এমন কোনো রাষ্ট্র নেই, যার হাতে নিপীড়ন যন্ত্র নেই। তাই পৃথিবীতে যতদিন রাষ্ট্র থাকবে ততদিন রাষ্ট্রের নিপীড়নও থাকবে।

রাষ্ট্রের নিপীড়ন নিয়ে যখন কথা ওঠে তখন বলা হয়, পৃথিবীর ধনী ও উন্নত রাষ্ট্রগুলোতে রাষ্ট্রীয় নিপীড়ন উলঙ্গভাবে প্রকাশ পায় না। রাষ্ট্রের হাতে নিপীড়নের যন্ত্রগুলো আছে, নিপীড়নমূলক আইনও আছে। তা সত্ত্বেও রাষ্ট্র যখন এগুলো ব্যবহারের ক্ষেত্রে সংযমী হয়, তখনই আমরা বলি রাষ্ট্রটি সভ্য, রাষ্ট্রটি মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল। ইদানীং পৃথিবীর দেশে দেশে মৃত্যুদণ্ড নিয়ে বিতর্ক চলছে। কোনো কোনো দেশ মৃত্যুদণ্ড রহিত করে দিয়েছে। মার্কিন যুক্তরাষ্ট্রের বেশ কিছু অঙ্গরাজ্যে মৃত্যুদণ্ড দেওয়া হয় না। পৃথিবীর ৭০ শতাংশেরও বেশি দেশে মৃত্যুদণ্ড তুলে দেওয়া হয়েছে। কানাডায় আইন ও তার ব্যবহারে মৃত্যুদণ্ড রোধ করা হয়েছে। ভারতে ১৯৮৩ সালে হত্যার জন্য আইননির্দেশিত বাধ্যতামূলক মৃত্যুদণ্ড তুলে দেওয়া হয়েছে। পাপুয়া নিউগিনি, দি সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক, ইকোয়েটোরিয়ালগিনি এবং জাম্বিয়া সব ধরনের অপরাধের জন্য মৃত্যুদণ্ড তুলে নিয়েছে। পর্তুগালে সব ধরনের অপরাধের জন্য মৃত্যুদণ্ড রহিত করা হয়েছে। এ ছাড়া ডেনমার্ক, লুক্সেমবার্গ, নিকারাগুয়া এবং নরওয়ে সব ধরনের অপরাধের জন্য মৃত্যুদণ্ড রহিত করেছে। আন্তর্জাতিক আইনে মৃত্যুদণ্ড বারিত করা হয়নি। বেশিরভাগ দেশ মৃত্যুদণ্ডকে মানবাধিকারের লঙ্ঘন বলে বিবেচনা করে। ১৮৬০ সালের পেনাল কোডের ৫৩ ধারা অনুযায়ী ভারতে মৃত্যুদণ্ডের বিধান রয়েছে এবং কোড অব ক্রিমিনাল প্রসিডিউরের ৩৬৮ ধারা অনুযায়ী ভারতে হাইকোর্টকে মৃত্যুদণ্ড নিশ্চিত করার ক্ষমতা দেওয়া হয়েছে। পৃথিবীর ৭৮টি দেশের মধ্যে ভারতও একটি দেশ, যেখানে মৃত্যুদণ্ডের বিধান রয়েছে। যাই হোক, মনে হচ্ছে একটি দেশ কতটা সভ্য, তা বিচারের অন্যতম মানদণ্ড হচ্ছে দেশটিতে অপরাধের জন্য মৃত্যুদণ্ড প্রদান করা হয় কিনা। মৃত্যুদণ্ডের বিরুদ্ধে নৈতিক যুক্তি হলো, মানুষ যেহেতু প্রাণ সৃষ্টি করতে পারে না, সেহেতু প্রাণ কেড়ে নেওয়ার অধিকার তার নেই। বাংলাদেশে মৃত্যুদণ্ডের আইন বহাল আছে এবং ক্ষেত্রবিশেষে ঘটা করে মৃত্যুদণ্ড কার্যকরের দৃষ্টান্তও রয়েছে। আইনে যেহেতু রয়েছে, সেহেতু দেশে মৃত্যুদণ্ড হতেই পারে, কিন্তু তা নিয়ে ঘটা করে প্রচার-প্রচারণা চালানো বর্বরতারই শামিল। তবে এভাবে মৃত্যুদণ্ড কার্যকরের সমর্থকরা বলবেন, এরূপে মৃত্যুদণ্ড কার্যকর করলে তা ভবিষ্যতের অপরাধীদের একই ধরনের অপরাধে লিপ্ত হতে নিরুৎসাহিত করবে। আইনের অধীনে দণ্ড দিয়ে নয়, বরং আইনবহির্ভূতভাবে লোকজনকে ধরে এনে অথবা মিছিলে শামিল হওয়ার জন্য পাইকারিভাবে মানুষ হত্যার নিকৃষ্ট দৃষ্টান্ত বাংলাদেশে আছে। বিশেষ করে শেখ হাসিনার সাড়ে ১৫ বছরের ফ্যাসিবাদী শাসনে মানুষ খুন করা ডাল ভাতে পরিণত হয়েছিল। এক্ষেত্রে আইনশৃঙ্খলা বাহিনীগুলোকে, বিশেষ করে র‍্যাবকে ব্যবহার করা হয়েছে, নির্বিচারে রাজনৈতিকভাবে ভিন্নমত পোষণকারীদের দুনিয়া থেকে চিরদিনের জন্য বিদায় করে দেওয়ার কাজে। এসব দেখে মনে হয় না একদিন এদেশে মুক্তিযুদ্ধ হয়েছিল পাকিস্তান আর্মির নির্বিচারে হত্যাকাণ্ডের বিরুদ্ধে এবং মানুষের মানুষ হিসাবে বেঁচে থাকার অধিকারের জন্য।



বাংলাদেশে আইনশৃঙ্খলা বাহিনীগুলোর কাঠামোগত সংস্কার ছাড়া অন্তর্বর্তী সরকারের অগ্রগতি ভেস্তে যেতে পারে। এসব বাহিনীর দ্রুত সংস্কার করা না গেলে, ভবিষ্যতে যেসব সরকার আসবে, তাদের দ্বারা মানবাধিকার লঙ্ঘনের আশঙ্কা থেকেই যাবে। হিউম্যান রাইটস ওয়াচ বলেছে, শেখ হাসিনা সরকারের আমলের সাড়ে ১৫ বছর নিরাপত্তা বাহিনীগুলো যেভাবে রাজনীতিতে জড়িয়েছে, সেখান থেকে তাদের বের করে সংস্কার করা কঠিন হবে। আমি বিষয়টিকে অন্যভাবে দেখি। আইনশৃঙ্খলা বাহিনীগুলো রাজনীতিতে জড়িয়েছে ব্যাপারটা এমন নয়, বরং তাদেরকে রাজনৈতিক আনুগত্যের ভিত্তিতে গড়ে তোলা হয়েছে, যাতে করে তারা সর্বোচ্চ রাজনৈতিক কর্তৃপক্ষের হুকুম তামিল করতে সদাসর্বদা প্রস্তুত থাকে। আইনশৃঙ্খলা বাহিনীগুলোকে এমন জনবল দিয়ে সাজানো হয়েছে, যাতে বাহিনীগুলো রাষ্ট্রের বাহিনী না হয়ে দলের বাহিনী হিসাবে অথবা দলের স্টর্ম ট্রুপার হিসাবে ভূমিকা পালন করে। বাস্তবে তাই হয়েছে। আইনশৃঙ্খলা বাহিনীর নেতৃত্ব এবং কর্মীরা মনে করতে শুরু করেছিল তারাই আইন। তারা যে কোনো কিছু করতে পারে, তাদেরকে বারিত করার জন্য কেউ নেই। বলপ্রয়োগে নৈর্ব্যক্তিক হওয়ার জন্য কোনো রকম বালাই ছিল না এ বাহিনীগুলোতে। এসব বাহিনীতে পদ-পদবি, পদোন্নতি এবং পদক দেওয়া হতো সেসব ব্যক্তিদের, যারা চোখ বুজে দমননীতি চালাত সরকারবিরোধীদের ওপর।

হিউম্যান রাইটস ওয়াচ ৫ আগস্ট-পরবর্তী বাংলাদেশের মানবাধিকার পরিস্থিতি এবং আইনশৃঙ্খলা বাহিনীর প্রয়োজনীয় সংস্কার নিয়ে 'আফটার দ্য মনসুন রেভুল্যুশন : এ রোড ম্যাপ টু লাস্টিং সিকিউরিটি সেক্টর রিফর্ম ইন বাংলাদেশ' এমন সুপারিশ তুলে ধরেছে। এ প্রতিবেদনটি আনুষ্ঠানিকভাবে ২৮ জানুয়ারি মঙ্গলবার প্রকাশিত হওয়ার কথা। প্রতিবেদনে গণ-অভ্যুত্থানের আগেপরে আইনশৃঙ্খলা বাহিনীগুলোর মানবাধিকার লঙ্ঘনের এরপর ২৬ পৃষ্ঠায়




আওয়ামী পুলিশদের দায়িত্বে বহাল রেখে আইনশৃঙ্খলা পরিস্থিতির উন্নতি ঘটানো প্রায় অসম্ভব হয়ে পড়েছে। সুতরাং দায়িত্ব পালনে অনীহা এবং রাজনৈতিকভাবে অনির্ভরযোগ্য এ পুলিশ বাহিনী দিয়ে খুব একটা কাজ হবে বলে মনে হয় না। দ্রুত তদন্ত করে অনির্ভরযোগ্য পুলিশদের বাহিনী থেকে বিতাড়ন করাই শ্রেয়। প্রয়োজন সাহসের সঙ্গে নতুন লোকবল জুগিয়ে বাহিনীটির হৃত মর্যাদা পুনঃপ্রতিষ্ঠিত করা। কাজটি কঠিন হলেও দুরূহ নয়। এর সুবাদে দেশ বেঁচে যাবে এবং দেশের উন্নয়নযাত্রা বাধামুক্ত হবে। এর পাশাপাশি হিংস্র র‍্যাব বাহিনীকে বিলুপ্ত করে মানবাধিকারের প্রতি সম্মান প্রদর্শন এখন সময়ের দাবি। পুলিশ ও র‍্যাবের মধ্যে যারা মানবতাবিরোধী অপরাধ করেছে, তাদেরকে দ্রুত বিচারের কাঠগড়ায় দাঁড় করাতে হবে। অন্যথায় দেশে সুষ্ঠু আইনশৃঙ্খলা পরিস্থিতি আশা করা যায় না

# শিক্ষাক্ষেত্রে সংস্কারের প্রয়োজনীয়তা অনস্বীকার্য

ড. আনোয়ারউল্লাহ চৌধুরী

আমাদের শিক্ষাব্যবস্থার করুণ দশা সম্পর্কে সবাই কমবেশি অবহিত। গত পাঁচ দশকেও আমরা একটি যুগোপযোগী, গণমুখী ও কর্মমুখী শিক্ষানীতি প্রণয়ন ও বাস্তবায়ন করতে পারিনি। এটা আমাদের জাতীয় ব্যর্থতা। ফলে শিক্ষার সর্বস্তরে বিরাজ করছে নৈরাজ্য। প্রাথমিক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা আজ নানা সমস্যায় আক্রান্ত। শিক্ষাপ্রতিষ্ঠানগুলোয় শিক্ষার পরিবেশ বিঘ্নিত হয়েছে এবং এগুলোকে দুর্নীতি গ্রাস করেছে। হীন রাজনৈতিক স্বার্থে শিক্ষাঙ্গনকে ব্যবহার করা হয়েছে। রাজনৈতিক হীন উদ্দেশ্য চরিতার্থ করার জন্য দলীয় বিবেচনায় নিম্নমানের শিক্ষক নিয়োগ করা হয়েছে। এতে শিক্ষার মান ক্রমেই নিম্নগামী হয়েছে এবং তা শিক্ষাক্ষেত্রে সর্বনাশ ডেকে এনেছে। এ পরিপ্রেক্ষিতে আমি এ মুহূর্তে জাতিকে রক্ষা করার জন্য একটি শিক্ষা সংস্কার কমিশন গঠনের প্রয়োজন অনুভব করছি এবং অনতিবিলম্বে এ ব্যাপারে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য সরকারের প্রতি আবেদন জানাচ্ছি। শিক্ষাক্ষেত্রে আমূল পরিবর্তন এখন সময়ের দাবি।



একুশ শতকে উচ্চশিক্ষার চ্যালেঞ্জ মোকাবিলার জন্য দেশের প্রচলিত শিক্ষাব্যবস্থার আমূল সংস্কার প্রয়োজন। আমাদের শিক্ষাব্যবস্থাকে নতুনভাবে মূল্যায়ন করার সময় এসেছে। বর্তমান শিক্ষাব্যবস্থার মধ্য দিয়ে আধুনিক শিক্ষায় শিক্ষিত তরুণ সমাজ তৈরি প্রায় অসম্ভব। শিক্ষাব্যবস্থা মূলত একটি ফ্যাক্টরি বা কারখানার মতো। ফ্যাক্টরির মেশিনপত্র বা আনুষঙ্গিক সরঞ্জামাদি যত আধুনিক হবে তার ফিনিশড প্রডাক্টও তত উন্নত হবে। তেমনই শিক্ষাব্যবস্থাও অত্যাধুনিক, মানসম্মত ও যুগোপযোগী হলে যথার্থ শিক্ষিত তরুণ সমাজ আমরা আশা করতে পারব। দেশের প্রচলিত যে পাঠ্যক্রম অনুযায়ী ক্লাসে পাঠদান করা হয়, আমি মনে করি, বেশির ভাগ ক্ষেত্রেই তা আউটডেটেড, পশ্চাৎপদ ও সনাতন। বিশেষ করে উন্নত বিশ্বে যে ধরনের শিক্ষাক্রম চালু রয়েছে, তুলনামূলকভাবে আমরা সেদিক থেকে অনেক পিছিয়ে আছি। আমাদের লাইব্রেরিতে বইয়ের সংগ্রহ আশঙ্কাজনকভাবে কম। অবশ্য লাইব্রেরিতে বই পড়া বর্তমানে হ্রাস পেয়েছে এবং প্রায় বন্ধ হওয়ার উপক্রম। লাইব্রেরিতে সাম্প্রতিক বই, ম্যাগাজিন, পত্রপত্রিকা অত্যন্ত অপ্রতুল। আমাদের সিলেবাসও যে কারণে পুরোনো ধাঁচের। একে সম্পূর্ণরূপে পুনর্বিন্যাস এবং পরিবর্তন, পরিবর্ধন ও পরিমার্জন করতে হবে। ল্যাবরেটরিকে আধুনিকায়ন এবং কম্পিউটারাইজড লাইব্রেরির ব্যবস্থা করতে হবে, যাতে নতুন ও অতি-সাম্প্রতিক বই, পত্রপত্রিকা পাওয়া যায়। জ্ঞানের প্রতিটি শাখা-প্রশাখায় বিচরণ করার সুযোগ করে দিতে হবে শিক্ষার্থীদের। এ জন্য বিশেষভাবে শিক্ষাক্ষেত্রে ইন্টারনেটের ব্যবহারের ব্যবস্থা করতে হবে। সর্বোপরি আমাদের পাঠ্যসূচিকে যুগোপযোগী করে সাজাতে হবে।



আমাদের পরীক্ষা পদ্ধতিও ত্রুটিপূর্ণ, যা কেবল নকল প্রবণতাকেই উৎসাহিত করছে এবং তা আমাদের পুরো শিক্ষাব্যবস্থার ওপর নেতিবাচক প্রভাব ফেলছে। শিক্ষার্থীরা তাদের পড়াশোনা শেষ করলেও যথার্থ অর্থে শিক্ষিত হতে পারছে না। উন্নত দেশে অনেক বিশ্ববিদ্যালয়ে দেখেছি, সেখানে লেখাপড়ার মান ও পদ্ধতি তাদের সৎ ও সভ্য করে তুলছে। সেসব দেশে নকলের প্রবণতা নেই বললেই চলে। আমাদের পরীক্ষা পদ্ধতির ব্যাপক পরিবর্তন ও সংস্কার দরকার। সেই সঙ্গে শিক্ষার্থীদের সুনাগরিক ও আদর্শবান করে গড়ে তুলতে হবে।

১৯৭১ সালের রক্তক্ষয়ী মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে আমরা একটি স্বাধীন-সার্বভৌম বাংলাদেশ অর্জন করি। আমাদের এ মহান মুক্তিযুদ্ধে ৩০ লাখ মানুষ জীবন দান করেন এবং সম্ভ্রম হারান দুই লাখ মা-বোন। পৃথিবীর ইতিহাসে বাংলাদেশের এ স্বাধীনতা এক অত্যন্ত উজ্জ্বল ও ব্যতিক্রমী দৃষ্টান্ত। মানব ইতিহাসে এমন দৃষ্টান্ত নেই বললেই চলে।

১৯৭১ সালে তৎকালীন পূর্ব পাকিস্তানের সর্বস্তরের মানুষ পাকিস্তানি শাসকচক্রের বিরুদ্ধে ঝাঁপিয়ে পড়ে মহান স্বাধীনতা সংগ্রামে। তবে গভীর দুঃখের সঙ্গে আমরা লক্ষ করি, স্বাধীনতার মূল যে চেতনা, তা কোনোভাবেই প্রতিফলিত হয়নি স্বাধীনতা-পরবর্তী সরকারের কার্যক্রমের মধ্যে। যে আশা-আকাঙ্ক্ষা, সাধ ও স্বপ্ন নিয়ে বাংলাদেশের মানুষ স্বাধীনতার জন্য সর্বস্ব পণ করেছিল, তাদের সেই স্বপ্ন স্বাধীনতার পরপরই হারিয়ে যায়। ১৯৭৫ সালের পট পরিবর্তনের পর স্বল্পকালের জন্য হলেও একটি আশার আলো দেখা গিয়েছিল, কিন্তু অচিরেই সে আশা ধূলিসাৎ হয়ে যায় এরশাদের স্বৈরতান্ত্রিক শাসনব্যবস্থার মধ্য দিয়ে।

পরবর্তীকালে গণতান্ত্রিক ধারার একটি সূচনা ঘটলেও তা বেশিদিন অব্যাহত রাখা সম্ভব হয়নি। এভাবে পর্যায়ক্রমে নানা চড়াই-উতরাই পেরিয়ে যতটুকু গণতান্ত্রিক ব্যবস্থা গড়ে তোলা সম্ভব হয়েছিল, তা ২০০৯ সালের পর থেকে ক্রমেই হারিয়ে যেতে থাকে। গত ১৫ বছরে ফ্যাসিবাদী আওয়ামী লীগ সরকার দেশের গণতান্ত্রিক ধারার সব ধরনের অবলম্বন, প্রথা এবং প্রতিষ্ঠান সম্পূর্ণরূপে বিনষ্ট করে ফেলে।

আওয়ামী ফ্যাসিবাদের এ নির্মম অপশাসনের বিরুদ্ধে ২০২৪ সালের জুলাইয়ে ছাত্র-জনতার এক মহান গণ-অভ্যুত্থান সূচিত হয়। এ অভ্যুত্থানের মধ্য দিয়ে পতন ঘটে ১৫ বছরের আওয়ামী ফ্যাসিবাদী সরকারের। জনগণের দীর্ঘদিনের আশা-আকাঙ্ক্ষার প্রতীক হয়ে ওঠে চব্বিশের গণ-অভ্যুত্থান। ছাত্র-জনতার এ ঐতিহাসিক গণসংগ্রামে ছাত্র-জনতার পাশাপাশি সমাজের সর্বস্তরের মানুষের সমর্থন ও অংশগ্রহণ ছিল স্বতঃস্ফূর্ত, যা বাংলাদেশের ইতিহাসে এক অনন্য দৃষ্টান্ত। অত্যন্ত আনন্দের কথা যে, গণ-অভ্যুত্থানপরবর্তী সরকার ক্ষমতা গ্রহণের পরপরই বেশ কয়েকটি যুগান্তকারী

আমি গভীর দুঃখের সঙ্গে বলতে চাই, ১৯৭৩ সালের বিশ্ববিদ্যালয় অধ্যাদেশের বর্ণিত বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন নীতিমালা মারাত্মকভাবে ভূলুণ্ঠিত হয়েছে। কেবল দলীয় স্বার্থে অধ্যাদেশকে ব্যবহার করা হয়েছে। এমনকি কোনো একজন উপাচার্য সম্পূর্ণ অবৈধভাবে নির্বাচন ছাড়াই একনাগাড়ে চার বছর বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পদে আসীন থেকেছেন। এতে বিশ্ববিদ্যালয়ের '৭৩-এর আইনের স্পিরিট লঙ্ঘিত হয়েছে। অথচ এ আইনের মাধ্যমেই বিশ্ববিদ্যালয়ের স্বায়ত্তশাসন নিশ্চিত করা হয়েছিল। তবে আমি এও মনে করি, তিয়াত্তরের অধ্যাদেশের কিছু পরিবর্তন প্রয়োজন। এটিকে যুগোপযোগী করে তোলা আমাদের শিক্ষাক্ষেত্রের সঙ্গে সংশ্লিষ্ট সবার নৈতিক কর্তব্য


www.careeracademyny.com
CAREER ACADEMY OF NEW YORK
BECOME A CERTIFIED
HOME HEALTH AIDE
TODAY!
HHA, PCA & PCA TO HHA CERTIFICATION COURSE
347-425-3878
CALL NOW
A CONCERN OF SHAH NAWAZ GROUP
SNG
SHAH NAWAZ GROUP
347-425-3878 careeracademyofny@gmail.com
975 Liberty Avenue, Brooklyn, New York-11208


মার্কিন যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউজের এফিলিয়েটেড PRESIDENTIAL AWARD
& NATIONAL HEALTHCARE CHAMPION AWARD
প্রাপ্ত এবং CIP মুহাম্মদ আব্দুল কাদের ভূঁইয়া (শিশির) পরিচালিত হোম কেয়ার এজেন্সি
ALL COUNTY
হোম কেয়ার
CDPAP
PCA
HHA.RN
NYS LICENSED HOME CARE AGENCY
অন্য এজেন্সিতে চলমান কেইস ট্রান্সফার অথবা নতুন কেইস শুরু করার আগে আমাদের পরামর্শ আপনাকে এগিয়ে রাখবে
PH : 718 593 0932
* DIRECT DEPOSIT * WEEKLY PAYMENT* FESTIVAL BONUS* 401K. INSURANCE
এজেন্সি ট্রান্সফার কেইস এর জন্য স্পেশাল সুবিধা দেওয়া হবে
Get Paid to Take care of Your Friends & Family
150-47 Hillside Ave, Jamaica, NY 11432. Ph: (631) 935-8581, www. allcountyhealthny.com

# NY INSURANCE

BROKEAGE INC.

NY I

NY INSURANCE BROKERAGE

TLC INSURANCE SPECIALIST

718 476-2025

# NY CAR & LIMO

SERVICES INC

NY CAR & LIMO SERVICES INC. BO2902

BLACK & GREEN CAR BASE

718 727 4444

# BEGINNER'S

DRIVING ACADEMY

YOUR DRIVER LICENSE IS OUR RESPONSIBILITY

929 244-7730

# DMV EXPRESS

**PLATES**
NEW, SURRENDER & TRANSFER

**TITLE**
NEW & DUPLICATE TITLE REQUEST

**REGISTRATION**
NEW, REPLACE, RENEWAL & TRANSFER

929-244-7730

EXCELSIOR

# Immigrant Elder Home Care LLC.

Home Care

# হোম কেয়ার



ঘরে বসে বাবা-মা, শ্বশুর শাশুড়ি, দাদা-দাদী, নানা-নানী
বন্ধু-বান্ধব, প্রতিবেশি এমনকি ছেলে মেয়ে ও ভাইবোনদের
সেবা দিয়ে অর্থ উপার্জন করতে পারেন।

## আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

কোন সার্টিফিকেট এর প্রয়োজন নেই- কোন ফি চার্জ করি না



**Giash Ahmed**
Chairman/CEO
917-744-7308
giashahmed123@gmail.com

**CORPORATE OFFICE:**
37-05 74 St, 2nd Fl, Jackson Heights, NY 11372
Tel: 917-744-7308, 718-457-0813 Fax: 718-457-0814

**SUTPHIN BLVD OFFICE:**
97-01 Sutphin Blvd, Jamaica, NY 11435
Tel: 718-755-0153

**JAMAICA OFFICE:**
87-54 168 Street, 2nd Fl, Jamaica, NY 11432
Tel: 718-406-5549

**LONG ISLAND OFFICE:**
1 Blacksmith Lane, Dix Hill, NY 11731
Tel: 718-406-5549

**BRONX OFFICE:**
2148 Starling Ave, Bronx, NY 10462
Tel: 718-406-5549

**OZONE PARK OFFICE:**
175 B Forbell St., Brooklyn, NY 11208
Tel: 718-406-5549

**BUFFALO OFFICE:**
859 Fillmore Ave, Buffalo, NY 14212
Tel: 917-744-7308

# এ সপ্তাহের কবিতা



## খিন দেখার দৃস্টি
### সীমু আফরোজা

কিনৃচিত খনিক আবেগের কাছে হয়েছি ঋণী
বারবার তাই প্রমোশিত
করেছি হৃদয় ধ্বনি
আকাশের মেঘেদের প্রাচীর ভেদে,
খানিক রৌদ্রস্নান তুমি কেন আবেগের জলপ্রপাত  হয়ে এলে হৃদয় পটে।

ভালবাসার কতই রং বদলায়
শুধু মনের গাঁয়ে রংয়ে আঁকা তোমার মুখশ্রী সেতো অক্ষয়
নিরব ভাষার কথনো মেলেনি ডানা
জল্পনার আখিতে ভেসেছি শুধু একটানা

এই উচ্ছ্বাস, প্রতিস্খলন তাড়িয়ে বেড়ায়
মনের বেড়াকে ভেদ করে হৃদয় সেথায়
যেই সম্পর্কের গভীরতা থাকে নিবিড়
অথচ নাম দেওয়া যায় না সেই হৃদয় তীর।

না দেখেও প্রবেশ অনুভব হয় প্রগাঢ়
উস্কানি দেয় মানষতন্ত্রে
যেন ভুলে না যাই
জোঁকের মতো আঁকড়ে
নেয় তার ঠাঁই
যুগোল চোখের জলে সামনে থেকে হলে অস্পষ্ট
শিশুর মতো কেঁদে বোঝায়
জীবনিপাত কত কস্ট
ফিরে চাই যা না পাবার তাহারে।

লেখক: কবি, নিউইয়র্ক।





## সহচরী
### মুয়াখ্যিরা খানুম স্বপ্না

ভেজা ভেজা আদুল চরণ
ঘাসের'পরে রেখে,
শিশির বিন্দুর আলতো পরশ
নয়নপাতে মেখে।

নীল পালকের মৌটুসীটা
সহচরী হতে,
শিউলি ঝরা প্রাতে ডাকে
হিমেল হাওয়া পথে।

সূর্যটা রঙ আড়াল করে
বেগুনি ওড়নাতে,
আমায় দেখে রোদ্দু ছড়ায়
মায়ার আলপনাতে।

চনঞ্চলা-তটিনী বলে
আমার কানে কানে,
শব্দ-ছন্দে বেঁধো আমায়
কবিতা ও গানে।

লেখক: কবি, নিউইয়র্ক।



## ঠুনকো প্রেম
### হাফিজুর রহমান

ভালোবাসি না, শুনেই ভড়কে গেলে!
টপকাতে গেলে সম্পর্কের লেভেল কোসিং
তোয়াক্কা না করে শিষ্টাচারের বিধান;
খোঁজে নিতে চাইলে সাংঘর্ষিক পথ!
বুঝতে চাওনি, 'না'- এর আড়ালে থাকা
নিজের করে নেয়ায়- কতটা আস্তুতি ছিল।

বাহিরটা দেখেই ফিরে গেলে ভুল বুঝে
হয়তো নতুন কোন গন্তব্যের পথ খুঁজবে,
পেয়েও যাবে অন্য কোন ঠিকানার;
বিশ্বাস কর, হেরে যাবে অবিশ্বাসের কারণে
পস্তাতে হবে অনাস্থার দূর্গম আস্তানায়,
হবে না মনের- হলেও হয়তো বহু জনের।

লেখক: কবি, নিউইয়র্ক।



## আত্মার ফাঁসিদান
### রুশো আরভি নয়ন

আমি শিখেছি,
তোমাদের পৃথিবীতে বেঁচে থাকা মানে
প্রতিদিন নিজের সত্তা বিক্রি করা।
তোমাদের হাসি মানে ভাঙা আয়নার প্রতিফলন,
যেখানে নিজের মুখটাই অচেনা হয়ে যায়।
তোমাদের আলো মানে অন্ধকারের ভয়,
আর অন্ধকার মানে নিজের ভেতরের সত্যকে আড়াল করা।
তোমাদের পৃথিবী আমাকে শিখিয়েছে,
ভালোবাসা কখনো নিঃস্বার্থ নয়,
এটি এক ধরনের বিনিময়,
যেখানে লাভের পাল্লায় বসে থাকে শরীর আর আত্মা।
তোমাদের শিকলগুলো অলংকার হয়ে ওঠার আগেই
আমি তোমাকে সজোড়ে আলিঙ্গন করেছি
আর জেনেছি বিষই তোমাদের একমাত্র মাদক-
তোমাদের শিখিয়ে দেওয়া পৃথিবীতে
স্বপ্ন দেখা মানে নিজের চোখ পোড়ানো।
সফলতা মানে নিজের স্বপ্নকে গলাটিপে হত্যা করা।
মায়ের মুখ উজ্জ্বল করার প্রতিশ্রুতি দিতে গিয়ে
আমি শিখেছি,
তোমাদের পৃথিবীতে হাসি মানে ব্যথা লুকানোর শিল্প।
তোমাদের সত্তা এক কঠোর ল্যাবরেটরি,
যেখানে প্রতিটি সম্পর্ককে কাটা-ছেঁড়া করে
তোমরা সার্থকতা মাপো।
তোমাদের কাছে ক্ষমা চাইতে গিয়ে
আমি নিজেকে হারিয়েছি বারবার।
আমি তোমাদের পৃথিবীর কাছে ঋণী,
কিন্তু সেই ঋণ শুধতে গিয়ে
নিজের আত্মাটুকু আর অবশিষ্ট নেই।
তোমরা আমায় অন্য মানুষ ভাবো,
ভাবো আমি ভাঙা খাঁচার পাখি ,
যে মুক্তি চেয়েছিল-
প্রতিটি পদক্ষেপে নরক আঁকড়ে ধরে।
তবে বালির বুকে মুছে যাওয়ার তাড়নায় আগুন জ্বালাতে পারিনি।

## ফলবে মতিভ্রমে
### সুজন সাজু

রঙ করিলে পুরান বাড়ি
দেখতে সুন্দর লাগে,
ভিতরে তো একই জিনিস
যেমন ছিল আগে।

দূরের থেকে চোখ জুড়ানো
নকশা কাজে ভরা,
উপরে যে দেওয়াল গুলো
রঙের প্রলেপ করা।

রঙ করিয়ে প্রলেপ দিলে
করলে নতুন বাড়ি,
কী দরকার আর নতুন করে
নকশা করা তারই?

বাড়ির ভিতর মানুষ গুলো
একই রকম হলে,
নতুন বাড়ির পুরান মানুষ
লাভ হবে না ফলে।

মানুষ গুলোর মন মননে
না হয় পরিবর্তন?
লাভ হবে না রঙ করিয়ে
যতই করো যতন।

সবার আগে ঠিক জরুরি
মনের পরিশুদ্ধ,
তার পরে না আশায় যেতে
করতে পারো যুদ্ধ।

তা না হলে সবই যাবে
বৃথা পণ্ডশ্রমে,
রঙ করে আর ঢঙ করা সব
ফলবে মতিভ্রমে।

## জন্মদিন
### সুমন বিপ্লব

যশোর জেলার সাগর দাড়ী
কপোতক্ষের তীরে
মাইকেলমধুসুধন দত্তের
জন্ম যে এক নীড়ে।
আঠারো'শ চব্বিশ সালে
মধু জন্ম নিল,
জানুয়ারীর পঁচিশ তারিখ সেদিন।
এহান কবির মৃত্যুও পরে
কবির কর্ম জানলেন,
বাংলা-ইংলিশ কাব্য লিখে
বিশ্বখ্যাতি আনলেন।

# House Republican Introduces Amendment Allowing Trump To Run for Third Term

Ajkal Desk



Rep. Andy Ogles (R-TN) has drafted a constitutional amendment that, if ratified, would allow President Donald Trump to run for a third term. However, the measure is worded to prevent former Presidents Barack Obama, George W. Bush, and Bill Clinton from returning to the Oval Office. The 22nd Amendment states, "No person shall be elected to the office of the President more than twice, and no person who has held the office of President, or acted as President, for more than two years of a term to which some other person was elected President shall be elected to the office of the President more than once." The amendment was ratified in 1951, six years after Franklin Roosevelt died in office during his unprecedented fourth term. He was the only president to serve more than two terms. That could change if Ogles' longest of longshot bids to enact a 28th Amendment succeeds. It states: No person shall be elected to the office of the President more than three times, nor be elected to any additional term after being elected to two consecutive terms, and no person who has held the office of President, or acted as President, for more than two years of a term to which some other person was elected President shall be elected to the office of the President more than twice.

Since Obama, Bush, and Clinton each served two consecutive terms, they would still be disqualified from the presidency. But since Trump is serving a second, non-consecutive term, he would allowed to serve again.

This is all moot, considering Ogles' amendment requires the approval of two-thirds of both houses of Congress and three-fourths of the states to be ratified.

But as Axios explained on Thursday, "[I]t is a marker of the depths of fealty the new president enjoys within the House GOP."

Trump is only the second president to serve a second, nonconsecutive term. Grover Cleveland, the 22nd president, lost his reelection bid to Benjamin Harrison in 1888 before defeating Harrison in the 1892 rematch.



## Putul going to be removed from WHO post

Ajkal Desk

Saima Wazed Putul, the daughter of ousted prime minister Sheikh Hasina, was a Canadian citizen at the time when she was nominated by Bangladesh as the World Health Organization (WHO) regional director for South-East Asia, according to the Anti-Corruption Commission. The anti-graft watchdog disclosed this information in a statement issued yesterday.

The ACC's investigation also revealed her misuse of state resources and irregular activities aimed at securing her position as the regional director.Following the statement, ACC Director General Akhtar Hossen told the reporters that the ACC investigation team is assessing the possibility of whether Putul can be brought back to the country. Earlier, the ACC filed a case against Putul, Hasina, and other family members, alleging fraud and forgery to obtain a plot in Purbachal. Later, the ACC sent a letter to the WHO via the Ministries of Foreign Affairs and Health and Family Welfare to remove Putul from her post. New York State hopes to make Metro-North more efficient by making some commutes faster. As part of her 2025 State of the State, Governor Kathy Hochul proposed a major investment in the Hudson Valley rail service.




## Tri-States,California and Massachusetts will not use state and local police for federal immigration enforcement

Shah Nawaz

Massachusetts Attorney General Andrea Joy Campbell, along with the attorneys general of California, New York, Colorado, Connecticut, Hawaii, Illinois, Maryland, New Mexico, Rhode Island, and Vermont, today issued a joint statement addressing a memorandum from a Trump political appointee at the U.S. Department of Justice addressing state and local involvement in federal immigration enforcement:

"It is well-established—through longstanding Supreme Court precedent—that the U.S. Constitution prevents the federal government from commandeering states to enforce federal laws. While the federal government may use its own resources for federal immigration enforcement, the court ruled in Printz v. United States that the federal government cannot 'impress into its service—and at no cost to itself—the police officers of the 50 States.' This balance of power between the federal government and state governments is a touchstone of our American system of federalism.

"Despite what he may say to the contrary, the President cannot unilaterally re-write the Constitution. The President has made troubling threats to weaponize the U.S. Department of Justice's prosecutorial authority and resources to attack public servants acting in compliance with their state laws, interfering with their ability to build trust with the communities they serve and protect. Right now, these vague threats are just that: empty words on paper. But rest assured, our states will not hesitate to respond if these words become illegal actions.

"As state attorneys general, we have a responsibility to enforce state laws – and we will continue to investigate and prosecute crimes, regardless of immigration status. We will not be distracted by the President's mass deportation agenda."

ICE raids have been taking place the last few days across the country, including the Boston.

## I'm a fan of Pritom's work: Jaya Ahsan

Ajkal Desk




National Film Award-winning actress Jaya Ahsan, one of the most sought-after talents in contemporary Bengali cinema, is set to release her new musical film "Bagan Bilash" tomorrow night. Directed by Sadia Islam Roza, the musical film will be a unique cinematic experience, as conveyed by the actress to The Daily Star. "I had the opportunity to work with Pritom Hasan and Elita Karim for this project. It has been a fantastic experience, and I thoroughly enjoyed it," expressed the actress. She further explained, "'Bagan Bilash' tells a story based on a simple concept, but it's something that the audience will be able to resonate with." "I will be appearing in something unexplored tomorrow, so I warmly invite everyone to watch the film," she added in an address to the viewers. Jaya expressed her admiration for Pritom, saying, "I'm a fan of Pritom's work in general. He's done an excellent job on this project. Moreover, I've wanted to work with Elita for quite some time, and 'Bagan Bilash' fulfilled that wish.

## Fewer Cars entering Manhattan due to congestion Pricing

Ajkal Desk

In its second week, Manhattan's new congestion pricing toll reduced weekday traffic by an average of 4.6%, according to MTA data.

In the first two weeks after congestion pricing rolled out on Jan. 5, traffic entering Manhattan on the weekdays has dropped by 6% compared to baseline numbers for January weekdays.

In the week of Jan. 6, weekday traffic fell by 7.5%, or an average of over 43,700 vehicles per day. The week after also showed less congestion, with an average of 26,619 fewer cars traveling into the Central Business District each day.

The CBD data includes drivers on the FDR Drive and West Side Highway who are not tolled. "The early data backs up what New Yorkers have been telling us all week – traffic is down, the streets feel safer, and buses are moving faster," said MTA Chair Janno Lieber after congestion pricing's first week.

